# বরিশাল বোর্ড-২০১৯

## অর্থনীতি

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ জনাব রাহীব একজন স্বনামধান্য ব্যবসায়ী। তিনি যে দেশে বসবাস করেন সেই দেশে ব্যক্তিগত উদ্যোগে ব্যবসা পরিচালনা করা গেলেও কোনো কোনো ক্ষেত্রে সরকার ব্যবসায়ের উপর হস্তক্ষেপ করে। সম্প্রতি তিনি অন্য একটি দেশে বসবাস করার সিদ্ধান্ত নিয়েছেন, যেখানে সরকার কোনো প্রকার হস্তক্ষেপ করে না। ফলে প্রত্যেকে নিজ নিজ স্বার্থে অর্থনৈতিক কার্যাবলি সম্পাদন করে।

ক. অর্থনীতি কাকে বলে? ১

খ. সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় ব্যক্তিগত মুনাফার অনুপস্থিতি কেনো? ব্যাখ্যা করো। ২

গ. জনাব রাহীব যে দেশে বসবাস করেন সেই দেশের অর্থব্যবস্থা কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রাহীব যে দেশে বসবাস করতে চাচ্ছেন সে দেশের অর্থব্যবস্থা চিহ্নিতপূর্বক উক্ত অর্থব্যবস্থায় জনগণের কল্যাণ সাধিত হবে বলে কি তুমি মনে করো? যুক্তি দাও। ৪

২.▶ নিচের ছকটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| ছক-১ | ছক-২ |
|---|---|
| দক্ষ ব্যবস্থাপনা<br>শারীরিক সক্ষমতা<br>বক্তৃতা | সুন্দরবন<br>পাহাড়<br>ভূগর্ভস্থ পানি |

ক. উৎপাদিত সম্পদ কী? ১

খ. অবাধলভ্য ও অর্থনৈতিক দ্রব্যের মধ্যে পার্থক্য নির্দেশ করো। ২

গ. ছক-১ এ কোন ধরনের সম্পদকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে ছক-২ এর নির্দেশিত সম্পদের গুরুত্ব ব্যাখ্যা করো। ৪

৩.▶ নিচের সূচিটি পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:

| প্রতি একক দ্রব্যের দাম (টাকায়) | চাহিদার পরিমাণ (একক) | যোগানের পরিমাণ (একক) |
|---|---|---|
| ১৫.০০ | ১০ | ২০ |
| ১০.০০ | ১৫ | ১৫ |
| ৫.০০ | ২০ | ১০ |

ক. চাহিদা কাকে বলে? ১

https://teachingbd24.com

খ. ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ রেখা নিম্নগামী হয় কেন? ২

গ. উপরের সূচির আলোকে একটি চাহিদা রেখা অংকন করে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে সূচি থেকে চিত্রের সাহায্যে ভারসাম্য দাম ও পরিমাণ নির্ণয় করো এবং ১৫.০০ টাকা দামে চাহিদা ও যোগানের মধ্যে যে অসংগতি তা ব্যাখ্যা করো। ৪

৪.▶ সম্প্রতি বিভিন্ন গণমাধ্যমে সৌর বিদ্যুতের গুণাগুণ ও ব্যবহার সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণা চলছে। এ প্রচারে উদ্বুদ্ধ হয়ে জনাব কুতুব আলী তার গ্রামের বাড়িতে সৌর প্যানেল স্থাপনের ব্যবসা শুরু করেছেন। প্রকৃতি প্রদত্ত সূর্যকিরণ দিয়ে জনাব কুতুব আলী বিদ্যুৎ উৎপাদন করে গৃহস্থালির কাজে ব্যবহারের জন্য যাবতীয় কাজ সম্পাদন করে থাকেন। অতিরিক্ত বিদ্যুৎ পার্শ্ববর্তী প্রতিবেশীদের মধ্যে বিতরণ করেন। এজন্য তিনি কয়েকজন কর্মী নিয়োগ করে দক্ষতা অনুসারে তাদের কর্ম বিভাজন করে দেন। প্রত্যেক কর্মী স্বাধীনভাবে কাজ করলেও মাস শেষে তাদের কাজের হিসাব নেয়া হয়। প্রয়োজনে তিনি সঠিক নির্দেশনা দিয়ে থাকেন।

ক. গড় উৎপাদনের সূত্রটি লেখ। ১

খ. মূলধন ব্যতীত উৎপাদন সম্ভব নয় কেন? ২

গ. জনাব কুতুব আলীর সৌর বিদ্যুৎ উৎপাদন কাজে ব্যবহৃত সূর্যকিরণ কি ভূমি? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব কুতুব আলীকে কি একজন দক্ষ সংগঠক বলা যায়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ **প্রেক্ষাপট-১:** রহমত আলী একজন সবজি বিক্রেতা। তিনি প্রতিদিন সকালে সবজি নিয়ে বাজারে যান। খুব অল্প সময়ের মধ্যেই তার সবজি বিক্রি শেষ হয়ে যায়। তাই সকল ক্রেতা চাইলেও সবজি ক্রয় করতে পারে না।

**প্রেক্ষাপট-২:** জামাল দোকানে একটি সাবান কিনতে গেলে বিক্রেতা তাকে একটি সাবান দেন। সে এ সাবানটির পরিবর্তে অন্য কোম্পানির একটি সাবান চাইলে বিক্রেতা বলেন, সাবান ভিন্ন কোম্পানির হলেও মান একই। জামাল তখন বিক্রেতাকে বলেন, আপনার ধারণাটি সঠিক নয়। আসলে এর মধ্যে গুণগত ও বাহ্যিক কিছু পার্থক্য আছে।

ক. অলিগোপলি বাজার কাকে বলে? ১

খ. একচেটিয়া বাজারে নতুন ফার্ম প্রবেশ করতে পারে না কেন? ২

গ. প্রেক্ষাপট-১ এর বাজারটি কোন ধরনের বাজারের সাথে সংগতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রেক্ষাপট-২ এর বাজার অর্থনীতিতে কোন ধরনের বাজারকে নির্দেশ করে? উক্ত বাজারের বৈশিষ্ট্য বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৬.▶ রায়হান একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তার বড় ছেলে সামি বিদেশে থাকে। সে তার আয়ের সিংহভাগ পরিবারের জন্য বাংলাদেশে পাঠিয়ে দেয়। অপরদিকে তার ছোট ছেলে পলাশ ভাইয়ের পাঠানো টাকা দিয়ে সবজি চাষ ও হাঁস-মুরগির খামার করে। তার এ খামারে প্রতিদিন ১০ জন লোক কাজ করে।

ক. নিট জাতীয় আয় কাকে বলে? ১

খ. জাতীয় আয় গণনার ক্ষেত্রে শুধু চূড়ান্ত পর্যায়ের দ্রব্য ও সেবা বিবেচনা করা হয় কেন? ২

গ. সামির পাঠানো অর্থ বাংলাদেশের জাতীয় আয়ের কোন ধারণার অন্তর্ভুক্ত হবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পলাশের কার্যাবলি মোট দেশজ উৎপাদনের পরিমাপের উৎপাদন পদ্ধতির কোন খাতকে নির্দেশ করে? উক্ত খাতের অবদান বিশ্লেষণ করো। ৪

৭.▶

| A প্রতিষ্ঠান | B প্রতিষ্ঠান |
|---|---|
| ১। কোনো কিছু জমা না রেখে ও অল্প সুদে ঋণ প্রদান করে।<br>২। দারিদ্র্য বিমোচন ও আর্থ সামাজিক উন্নয়নে অপ্রতিদ্বন্দ্বী। | ১। জনগণের অর্থ জমা রাখে ও স্বল্পমেয়াদি ঋণ প্রদান করে।<br>২। দেশের উন্নয়ন প্রক্রিয়ায় একটি বড় অংশীদার। |

ক. রূপান্তরযোগ্য মুদ্রা কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে নিকাশ ঘর বলা হয় কেন? ২

গ. 'A' প্রতিষ্ঠানটি কোন ব্যাংকটিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে 'B' প্রতিষ্ঠান গুরুত্বপূর্ণ অবদান রাখে"— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৮.▶ নিচের ছকটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

| A | B | C |
|---|---|---|
| বিপণন, যোগাযোগ, প্রতিরক্ষা, সেবা | ধান, পাট, গম, আম, তুলা | সারশিল্প, পাটশিল্প, কাগজশিল্প, চিনিশিল্প |

ক. শিল্প কাকে বলে? ১

খ. ছদ্মবেশী বা প্রচ্ছন্ন বেকারত্ব বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে 'A' বাংলাদেশের অর্থনীতির কোন খাতকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'B' ও 'C' খাত একে অপরের পরিপূরক— বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৯.▶ **দৃশ্যকল্প-১:** মামুন সাহেব একটি গার্মেন্টস ফ্যাক্টরিতে 'প্রোডাকশন সুপারভাইজার' পদে ১০ বছর ধরে কর্মরত ছিলেন। গত ১লা জুলাই তিনি চাকরি ছেড়ে দিয়ে আরও ভালো একটি কোম্পানিতে ভালো পদে চাকরি খুঁজতে লাগলেন। অবশেষে গত ১লা সেপ্টেম্বর তিনি একটি গার্মেন্টস ফ্যাক্টরিতে 'প্রোডাকশন ম্যানেজার' পদে যোগদান করেন।

**দৃশ্যকল্প-২:** গেদু মিয়ার অল্প কিছু জমি রয়েছে। সে নিজের জমি চাষাবাদ করে। সম্প্রতি তার বড় ছেলে বিএ পাশ করে অন্য কোথায় চাকরি না পেয়ে কৃষিক্ষেত্রে বাবার কাজে সাহায্যে করে। কিন্তু গেদু মিয়া লক্ষ্য করল তার উৎপাদন পূর্বের তুলনার বাড়েনি।

ক. অর্থনৈতিক প্রবৃদ্ধি কাকে বলে? ১

খ. অনুন্নত দেশে উন্নয়নের গতি মন্থর কেন? ২

গ. মামুন সাহেবকে কোন ধরনের বেকার বলা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ যে ধরনের বেকারত্বের চিত্র ফুটে উঠেছে তা চিহ্নিতপূর্বক উক্ত বেকারত্ব নিরসনের উপায় বর্ণনা করো। ৪

১০.▶ **দৃশ্যকল্প-১:** একবিংশ শতাব্দীর প্রথম দশকে দুইটি আর্থিক প্রতিষ্ঠান একীভূত হয়ে গঠিত হয় একটি আর্থিক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি নতুন নতুন শিল্প স্থাপনে দীর্ঘমেয়াদি ঋণ দিয়ে থাকেন।

**দৃশ্যকল্প-২:** আতিক সাহেব ব্যাংক হিসাব খোলার জন্য একটি ব্যাংকে গিয়ে জানতে পারেন ঐ ব্যাংকে এ ধরনের কোনো হিসাব খোলা হয় না বরং ব্যাংকটি দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

ক. প্রামাণিক মুদ্রা কাকে বলে? ১

খ. অর্থকে মূল্যের পরিমাপক বলা হয় কেন? ২

গ. দৃশ্যকল্প-১ এ কোন ব্যাংককে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর ব্যাংকটি চিহ্নিতপূর্বক বিনিময় হার নিয়ন্ত্রণে উক্ত ব্যাংকের ভূমিকা ব্যাখ্যা করো। ৪

১১.▶ শিপা ও নিপা ৯ম শ্রেণির শিক্ষার্থী। শিপার বাবা বিদেশি শিশুখাদ্য আমদানিকারক। শিপার বাবা এ বছর সর্বোচ্চ করদাতার পুরস্কার পেয়েছেন। নিপার বাবা একটি ব্যাংকের মহাব্যবস্থাপক পদে কর্মরত। নিপার বাবাও প্রতি বছর সরকারকে কর প্রদান করেন।

ক. বাজেট কী? ১

খ. সরকার প্রতি বছর তথ্য ও প্রযুক্তি খাতে প্রচুর পরিমাণে অর্থ ব্যয় করে কেন? ২

গ. নিপার বাবা সরকারকে কোন ধরনের কর দেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. "শিপার বাবা সরকারকে যে কর দেন তা সরকারের আয়ের প্রধান উৎস"— উক্তিটির সাথে তুমি কি একমত? সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

সময় — ৩০ মিনিট　　পূর্ণমান — ৩০

# বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৪ | ১ |

*[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. নিচের কোন অর্থনীতিবিদ মানব কল্যাণের উপর অধিক গুরুত্ব আরোপ করেন?**
ক) অ্যাডাম স্মিথ　খ) এল রবিন্স
গ) ডেভিড রিকার্ডো　ঘ) আলফ্রেড মার্শাল

**২. মিশ্র অর্থব্যবস্থায় মৌলিক ও ভারী শিল্প পরিচালনা করা হয় কীভাবে?**
ক) সরকারি উদ্যোগে
খ) ব্যক্তিগত উদ্যোগে
গ) কেন্দ্রীয় ব্যাংকের উদ্যোগে
ঘ) বিদেশি উদ্যোগে

**নিচের উদ্দীপকটি পড়ে ৩ নং প্রশ্নের উত্তর দাও:**
দিবার মামা তাকে ১,০০০ টাকা দিলেন। সে টাকা পাওয়ার পর প্রথমে চিন্তা করল যে, উক্ত টাকা দিয়ে বন্ধুদের সাথে বনভোজনে যাবে। কিন্তু সে পরে এ টাকা দিয়ে বনভোজনে না গিয়ে বই মেলা থেকে বই কিনে নিয়ে আসে।

**৩. দিবার বই কেনার সিদ্ধান্তকে অর্থনীতিতে কী বলে?**
ক) প্রান্তিক ব্যয়　খ) প্রকাশ্য ব্যয়
গ) সুযোগ ব্যয়　ঘ) অপ্রকাশ্য ব্যয়

**৪. নিচের কোনটি মানুষের অর্থনৈতিক কার্যাবলির প্রেরণা হিসেবে কাজ করে?**
ক) অভাব পূরণ　খ) সঞ্চয়
গ) বিনিয়োগ　ঘ) বিনোদন

**৫. জাতীয় কবি নজরুলের প্রতিভা সম্পদ নয় কেন? কারণ—**
i. অপ্রাচুর্যতা আছে
ii. বাহ্যিকতা নেই
iii. হস্তান্তরযোগ্যতা নেই
**নিচের কোনটি সঠিক?**
ক) i　খ) ii
গ) iii　ঘ) i, ii ও iii

**৬. অন্যান্য অবস্থা অপরিবর্তিত থেকে দাম কমলে যোগানের কোন ধরনের পরিবর্তন হয়?**
ক) যোগান কমে
খ) যোগান বাড়ে
গ) যোগান স্থির থাকে
ঘ) যোগান ধীরে বৃদ্ধি পায়

**নিচের উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:-**
মতি মিয়া একজন ব্যবসায়ী। তিনি বছর শেষে ১০,০০,০০০ টাকা আয় করেন এবং ৬,০০,০০০ টাকা ব্যয় করেন। অবশিষ্ট টাকার ২,৫০,০০০ টাকা ব্যাংকে জমা রাখেন এবং বাকি টাকা তার ব্যবসা সম্প্রসারণের জন্য ব্যয় করেন।

**৭. মতি মিয়ার বিনিয়োগের পরিমাণ কত?**
ক) ১,০০,০০০　খ) ১,৫০,০০০
গ) ২,০০,০০০　ঘ) ২,৫০,০০০

**৮. মতি মিয়ার ব্যবসা সম্প্রসারণের ফলে—**
i. উৎপাদন বাড়বে
ii. অর্থনৈতিক উন্নয়ন ঘটবে
iii. খরচ বাড়বে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii


**৯. যন্ত্রপাতি কোন ধরনের উৎপাদনের উপকরণ?**
ক) ভূমি　খ) শ্রম
গ) মূলধন　ঘ) সংগঠন

Teachingbd24.com

**১০. অতিরিক্ত এক একক নিয়োগের ফলে যে অতিরিক্ত উৎপাদন পাওয়া যায় তাকে কী বলে?**
ক) মোট উৎপাদন　খ) প্রান্তিক উৎপাদন
গ) গড় উৎপাদন　ঘ) নিট উৎপাদন

**১১. একটি দেশের অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানের প্রধান সূচক কোনটি?**
ক) মাথাপিছু আয়　খ) মাথাপিছু ব্যয়
গ) মোট ভোগ　ঘ) মোট সঞ্চয়

**নিচের চিত্রটি লক্ষ্য করো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও—**




**১২. চিত্রে ভারসাম্য দাম ও পরিমাণ কত?**
ক) ৫, ১০　খ) ১০, ২০
গ) ১৫, ৩০　ঘ) ১৫, ১০

**১৩. চিত্রে দাম ১৫ টাকা হলে—**
i. চাহিদা > যোগান
ii. চাহিদা = যোগান
iii. চাহিদা < যোগান
**নিচের কোনটি সঠিক?**
ক) i　খ) ii
গ) iii　ঘ) i, ii ও iii

https://teachingbd24.com

১৪. কোন বাজারে নির্ধারিত দামের উপর ক্রেতা বা বিক্রেতা এককভাবে প্রভাব বিস্তার করতে পারে না?
ক) একচেটিয়া খ) পূর্ণ প্রতিযোগিতা
গ) অলিগোপলি ঘ) ডুয়োপলি

১৫. নিচের কোনটি আন্তর্জাতিক বাজারের পণ্য?
ক) প্রসাধনী পণ্য খ) দেশীয় বস্ত্র
গ) মোটা চাল ঘ) স্বর্ণ

১৬. আমাদের দেশের অধিকাংশ শিল্পের ভিত্তি কোনটি?
ক) কৃষি খ) শিল্প
গ) সেবা ঘ) বাণিজ্য

১৭. কোনটি বৃহৎ শিল্পের উদাহরণ?
ক) চামড়া খ) বস্ত্র
গ) প্লাস্টিক ঘ) রেশম

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**
মি. জিতু একটি কারখানার মালিক। তিনি তার কারখানা এলাকায় বসবাসরত লোকদের স্বাস্থ্য সুবিধা বাবদ বছরে ২ লক্ষ টাকা ব্যয় করেন।

১৮. উদ্দীপকে উল্লিখিত জিতুর এ ধরনের ব্যয়কে অর্থনীতিতে কী বলে?
ক) ব্যক্তিগত ব্যয় খ) সামাজিক ব্যয়
গ) প্রকাশ্য ব্যয় ঘ) অপ্রকাশ্য ব্যয়

১৯. মোট দেশজ উৎপাদন গণনার ক্ষেত্রে মাধ্যমিক দ্রব্য বিবেচনা করলে কী সমস্যা হতে পারে?
ক) GDP হ্রাস পাবে
খ) GDP বৃদ্ধি পাবে
গ) উৎপাদন বৃদ্ধি পাবে
ঘ) GDP স্থির থাকবে

২০. নিচের কোনটি সসীম বিহিত মুদ্রা?
ক) ২ টাকা খ) ১০ টাকা
গ) ২০ টাকা ঘ) ৫০ টাকা

২১. দ্রব্য বিনিময় প্রথার অসুবিধা হলো—
i. সঞ্চয়ের অসুবিধা
ii. অভাবের অমিল
iii. মূল্য পরিমাপে অসুবিধা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২২. নিচের কোনটি খাদ্য নিরাপত্তা কার্যক্রমের কর্মসূচি?
ক) ভিজিএফ খ) বয়স্ক ভাতা
গ) বিধবা ভাতা ঘ) প্রতিবন্ধী ভাতা

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**
বঙ্গবন্ধু সেতু যোগাযোগ ক্ষেত্রে যুগান্তকারী ভূমিকা পালন করছে। রহিম ঢাকা থেকে উত্তরবঙ্গে যাওয়ার পথে দেখল যে গাড়ির ড্রাইভার বঙ্গবন্ধু সেতু পার হওয়ার পূর্বে টাকা দিয়ে রশিদ সংগ্রহ করলো।

২৩. রহিমের দেখা গাড়ির ড্রাইভারের রশিদ সংগ্রহ হলো—
ক) যানবাহন কর খ) টোল ও লেভি
গ) রেজিস্ট্রেশন ফি ঘ) ভাড়া ও ইজারা

২৪. উদ্দীপকে বর্ণিত কর আদায় করলে দেশের—
i. অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হবে
ii. যোগাযোগে সময় কম লাগবে
iii. জীবনযাত্রার মান বাড়বে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৫. মানব সম্পদ উন্নয়নে শিক্ষিত মানুষের গুণগত মান উন্নয়নের জন্য নিচের কোনটি প্রয়োজন?
ক) অবৈতনিক শিক্ষা খ) উপযুক্ত বাসস্থান
গ) প্রশিক্ষণ ঘ) স্বাস্থ্য সেবা

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**
জাফর একজন ব্যবসায়ী। সে তার সঞ্চিত অর্থ একটি আর্থিক প্রতিষ্ঠানে স্বল্প সুদে জমা রাখে। প্রতিষ্ঠানটি উক্ত অর্থ বেশি সুদের হারে একজন উদ্যোক্তাকে ঋণ প্রদান করে।

২৬. উদ্দীপকে উল্লিখিত আর্থিক প্রতিষ্ঠানটিকে কোন ধরনের ব্যাংক বলে?
ক) কেন্দ্রীয় ব্যাংক খ) বাণিজ্যিক ব্যাংক
গ) গ্রামীণ ব্যাংক ঘ) সমবায় ব্যাংক

২৭. বাঁশ ও বেতের তৈরি ঝুড়ি কোন শিল্পের অন্তর্গত?
ক) বৃহৎ খ) মাঝারি
গ) ক্ষুদ্র ঘ) কুটির

২৮. স্পিরিট ও দিয়াশলাই উৎপাদনের উপর কোন ধরনের শুল্ক আরোপ করা হয়?
ক) আমদানি শুল্ক খ) আবগারি শুল্ক
গ) সম্পূরক শুল্ক ঘ) রপ্তানি শুল্ক

২৯. দান ও অনুদান কোন ধরনের রাজস্বের অন্তর্ভুক্ত?
ক) কর রাজস্ব খ) কর বহির্ভূত রাজস্ব
গ) সম্পূরক শুল্ক ঘ) মূল্য সংযোজন কর

৩০. কোনো দ্রব্যের অভাব পূরণের ক্ষমতাকে কী বলে?
ক) চাহিদা খ) ভোগ
গ) উপযোগ ঘ) যোগান

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | গ |

teachingbd24.com